

উত্তরপাড়া পুরসভার উদ্যোগে নেতাজী ভবনের সামনে নেতাজীর আবক্ষ মূর্তির উন্মোচন

বনস্পতি দে, হুগলি, ১৭ জুলাই :
উত্তরপাড়া পুরসভার উদ্যোগে
মঙ্গলবার বিকালে উত্তরপাড়া থানার
পাশে জি.টি. রোডে নেতাজী
ভবনের সামনে নেতাজী সুভাষচন্দ্র
বসুর আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন
করেন রাজ্যের বিশিষ্ট আইনজীবী
শক্তিনাথ মুখোপাধ্যায়। উত্তরপাড়া
পুরসভা ১৯৬৮ সালে ১৭ জুলাই
দেশনায়ক নেতাজী সুভাষচন্দ্র বসুকে
নাগরিক সংবর্ধনা দিয়েছিল যে
ভবনটিতে, সেই ভবনটির নাম করা
হয়েছে নেতাজী ভবন। সেই ১৭
জুলাই স্মৃতি মধুর দিনটি স্মরণ
করতে উত্তরপাড়াবাসীর কাছে
গৌরবের বিষয়। ৮০ বছর আগে
এই দিনটির স্মরণে পুরসভার
নেতাজী ভবনে নেতাজীর আবক্ষ
মূর্তির আবরণ উন্মোচন হয় মঙ্গলবার
বিকালে, তাকে মানপত্র দেয় এই
পুরসভা। এই উপলক্ষে অনুষ্ঠান
হয়, এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন
উত্তরপাড়া পুরচেয়ারম্যান দিলীপ
যাদব, বিশিষ্ট আইনজীবী শক্তিনাথ
মুখোপাধ্যায়, পুরসভার ডাইস



চেয়ারম্যান অদিতি কুন্ডু, তনমুলের
জেলা পরিষদ সদস্য সুবীর মুখার্জী,
জেলা তনমূল কংগ্রেস নেতা
আচ্ছালাল যাদব, জেলা যুব
তনমুলের সহ সভাপতি মানিক সিংহ
ও পুর কাউন্সিলাররা ও উত্তরপাড়ার
প্রবীন নাগরিক প্রাক্তন সাংসদ শান্ত্রী
চ্যাটার্জী সহ প্রবীন ব্যক্তিবর্গ।
পুরচেয়ারম্যান দিলীপ যাদব বলেন
এই শহরের বিভিন্ন পরিকল্পনা
বাস্তবায়িত হয়েছে, কিছু কাজ বাকি।
উত্তরপাড়ার ইতিহাস প্রবীনদের কাছে
শোনা। নেতাজী ভবন চারতলা

হয়েছে। আমরা উদ্যোগ নিয়েছিলাম
আর্কাইভ করবা যেসব বিশিষ্ট ব্যক্তি
ও স্বাধীনতা সশ্রমীরা উত্তরপাড়াতে
সম্মানিত করেছেন তাদের ছবি ও
ইতিহাস চারতলায় থাকবে, পরবর্তী
প্রজন্মের জন্যে এই উদ্যোগ। ৮০
বছর আগে নেতাজী এই পুরসভায়
এসেছিলেন, আজ তাকে স্মরণ করে
মুর্তি উন্মোচন হল। প্রবীন ব্যক্তিবর্গ
স্মৃতিচারণ করবেন, উপস্থিত ছিলেন
প্রচুর মানুষ। তখনকার দিনে
উত্তরপাড়া পুরসভার সভাপতি
ছিলেন লোকনাথ মুখোপাধ্যায়।